দৈনিক
ইত্তেফাক

তারিখ 02 NOV 2016
পৃষ্ঠা ৩ কলাম ২

# জাবিতে শিক্ষার্থী বহিষ্কারের ১০ দিনেও প্রজ্ঞাপন জারি হয়নি

■ জাবি সংবাদদাতা

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি) সাংবাদিক মারধরের ঘটনায় তিন ছাত্রলীগ নেতা-কর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের ১০ দিন পেরিয়ে গেলেও এখন পর্যন্ত প্রজ্ঞাপন জারি করেনি বিশ্ববিদ্যালয় প্রশাসন। গত ২১ অক্টোবর বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ফারজানা ইসলামের সভাপতিত্বে এক বিশেষ সিন্ডিকেট সভায় শাখা ছাত্রলীগের ধর্মবিষয়ক সম্পাদক মহিতোষ রায় টিটোকে দুই বছর এবং সহ-সম্পাদক ইকরামউদ্দিন অমি ও ছাত্রলীগ কর্মী ইকরাম নাহিদকে ছয় মাসের জন্য বহিষ্কার করা হয়। কিন্তু অজ্ঞাত কারণে প্রশাসন এখন পর্যন্ত বহিষ্কারের সিদ্ধান্তের প্রজ্ঞাপন জারি করেনি।

তিন ছাত্রলীগ নেতা-কর্মীকে বহিষ্কারের পাশাপাশি ক্যাম্পাসে অবাঞ্ছিত ঘোষণা করা হলেও তারা হলে ও ক্যাম্পাসে প্রকাশ্যে ঘুরে বেড়াচ্ছে। এ কারণে সংশয়ে আছেন বিশ্ববিদ্যালয়ের কর্মরত সাংবাদিকরা।

এ বিষয়ে শিক্ষক মঞ্চের মুখপাত্র সহযোগী অধ্যাপক রায়হান রাইন বলেন, বিশ্ববিদ্যালয় প্রশাসন প্রথম থেকেই ধূর্ততার পরিচয় দিয়েছে। ইতোপূর্বে যেভাবে শিক্ষকদের সঙ্গে প্রতারণা করা হয়েছে ঠিক একইভাবে এবারও প্রতারণা করা হচ্ছে।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার আবু বকর সিদ্দিক বলেন, কাজ চলছে। কিছু দিনের মধ্যে প্রজ্ঞাপন জারি করা হবে। উল্লেখ্য, এর আগে গত ৮ জুন এক তরুণীকে অপহরণকারীর হাত থেকে বাঁচাতে গিয়ে শাখা ছাত্রলীগের ধর্ম বিষয়ক সম্পাদক মহিতোষ রায় টিটুর নেতৃত্বে ছাত্রলীগ নেতা-কর্মীদের হাতে গুরুতর জখম হন বিডিনিউজ ২৪ ডট কমের বিশ্ববিদ্যালয় প্রতিনিধি শফিকুল ইসলাম। পরে সাংবাদিকদের আন্দোলনের মুখে এসব ছাত্রলীগ কর্মীকে বহিষ্কার করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।